# নবীজির শিক্ষা

## (হাদীস শরিফ)

মুহাম্মাদ আতীক উল্লাহ
মাদরাসাতুল কুরআনিল কারীম
মধ্যবাড্ডা, ঢাকা

মাদরাসাতুল কুরআনিল কারীম    মাকতাবাতুল আযহার

**গণশিক্ষা কার্যক্রম সম্পর্কে পরামর্শ বা মতামত জানাতে পারি : 01552-738562**

## গণশিক্ষা কার্যক্রম-৩


- **নবীজির শিক্ষা : হাদীস শরিফ** (প্রস্তুতিমূলক প্রকাশনা)
- **মুহাম্মাদ আতীক উল্লাহ**
- **প্রকাশক :** মাওলানা ওবায়দুল্লাহ আযহারী
- **প্রকাশকাল :** যিলকদ ১৪৪৭ হি./ মে ২০২৬ খ্রি.
- **স্বত্ব :** লেখক কর্তৃক সংরক্ষিত
- **প্রকাশনায় :** মাকতাবাতুল আযহার
- **গণশিক্ষা প্রকল্প ব্যবস্থাপনায় : মাদরাসাতুল কুরআনিল কারীম**
- **অনলাইন পরিবেশনায় :** ওয়াফিলাইফ.কম ও রকমারি.কম
- **ফোন :** 01924076365

**মূল্য : ৫০/- টাকা মাত্র**

# বিনীত অনুরোধ

বইটা বাড়ি নিয়ে ফেলে রাখব না। বইটা নিজে পড়ব, অন্যকে পড়তে দিব। অন্তত একবার হলেও বইটা আগাগোড়া পড়ব। বইটা নিয়মিত পড়ব। বইটা বারবার পড়ব। বইটা বোঝার চেষ্টা করব। নিজে আমল করব। অন্যকে আমলে উদ্বুদ্ধ করব। বইটা সংরক্ষণ করব।

ইনশাআল্লাহ

ওয়াফফাকানাল্লাহ

জাযাকুমুল্লাহু খইরান

# ইহদা

দেশের অগণিত মেয়েশিশুকে।
দেশের অগণিত ছেলেশিশুকে।
দেশের অগণিত কিশোরকে।
দেশের অগণিত কিশোরীকে।
আল্লাহ তাআলা সবার জীবনকে সুস্থ, সুন্দর, বর্ণিল, নিরাপদ ও আনন্দময় করে দিন। আল্লাহ তাআলা সবার ইহকাল ও পরকাল সুন্দর করে দিন। আল্লাহ আমাদের ‘ভালো কিছু করি’ কর্মসূচি কবুল করে নিন। আমিন।

## বিসমিল্লাহির রহমানির রহিম

وَإِنْ تُطِيعُوهُ تَهْتَدُوا

আর যদি তোমরা তাঁর (রাসূলের) অনুসরণ করো, হেদায়াতপ্রাপ্ত হবে (সূরা নূর : ৫৪)।

And if you obey him (the prophet), you will be rightly guided.

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন—

## তাওহিদ

اُعْبُدُوا اللّٰهَ وَحْدَهٗ

১. ইবাদত করো একমাত্র আল্লাহর (বুখারি : ৭)

Worship Allah alone.

## নিয়ত

إِنَّمَا الْأَعْمَالُ بِالنِّيَّاتِ وَإِنَّمَا لِكُلِّ امْرِئٍ مَا نَوٰى

২. আমলসমূহ (কাজের ফলাফল) নিয়তের ওপর নির্ভরশীল। প্রতিটি মানুষ যা নিয়ত করে তাই পায় (বুখারি : ১)

The reward of deeds depends upon the intentions and a man will have only what he intended.

إِنَّمَا الْأَعْمَالُ بِالْخَوَاتِيْمِ

৩. নিশ্চয়ই মানুষের আমল (বা তার ফলাফল) শেষ আমলের ওপর নির্ভরশীল (বুখারি : ৬৬০৭)।

Indeed, deeds are judged by their endings.

## দীন

اَلدِّيْنُ النَّصِيْحَةُ

৪. দীন হলো (সবার জন্য) একনিষ্ঠ কল্যাণকামিতার নাম (মুসলিম : ৫৫)।

The religion (of Islam) is sincere advice and well-wishing.

إِنَّ الدِّيْنَ يُسْرٌ

৫. দীন অত্যন্ত সহজ (বুখারি : ৩৯)।

Religion is very easy.

مَنْ يُّرِدِ اللهُ بِه خَيْرًا يُفَقِّهْهُ فِي الدِّيْنِ

৬. আল্লাহ যার কল্যাণ চান তাকে দীনের গভীর বুঝ দান করেন (বুখারি : ৩১১৬)।

Whoever Allah intends good for, He gives him understanding of the religion.

## সহজ দীন

يَسِّرُوْا وَلَا تُعَسِّرُوْا، وَبَشِّرُوْا وَلَا تُنَفِّرُوْا

৭. তোমরা সহজ করো, দীনকে কঠিন করে তোলো না। মানুষকে সুসংবাদ শোনাও, দীনের ব্যাপারে ভীত-সন্ত্রস্ত ও বীতশ্রদ্ধ করে তোলো না (বুখারি : ৬৯)।

Make things easy and do not make them difficult; give glad tidings and do not drive people away.

## দীন প্রচার

بَلِّغُوْا عَنِّيْ وَلَوْ اٰيَةً

৮. আমার পক্ষ থেকে একটি আয়াত হলেও অন্যের কাছে পৌঁছে দাও (বুখারি : ৩৪৬১)।

Convey (my teachings) even if it were a single sentence.

## সফলতা

قَدْ أَفْلَحَ مَنْ أَسْلَمَ

৯. যে ইসলাম গ্রহণ করেছে, সে সফল হয়েছে (মুসলিম : ১০৫৪)।

Successful is the one who has embraced Islam.

## শ্রেষ্ঠ যিকির

أَفْضَلُ الذِّكْرِ لَا إِلٰهَ إِلَّا اللهُ

১০. সর্বোত্তম যিকির ‘লা ইলাহা ইল্লাল্লাহ’ (তিরমিযী : ৩৩৮৩)।

The best way to celebrate the remembrance of Allah is to say: ‘there is no true god except Allah.

## ঈমান

قُلْ اٰمَنْتُ بِاللهِ ثُمَّ اسْتَقِمْ

১১. বলো, আমি ঈমান এনেছি, তারপর অবিচল থাকো (মুসলিম : ৩৮)।

Say I believe in Allah and then be steadfast.

## তাকওয়া

اِتَّقِ اللهَ حَيْثُمَا كُنْتَ

১২. যেখানেই থাকো, আল্লাহকে ভয় করো, কর্তব্যপরায়ণ থাকো (তিরমিযী : ৬১)।

Be dutiful to Allah wherever you are.

## ফজর

مَن صَلَّى صَلَاةَ الصُّبْحِ فَهُوَ فِيْ ذِمَّةِ اللهِ

১৩. যে ব্যক্তি ফজরের সালাত আদায় করে, সে আল্লাহর নিরাপত্তায় (জিম্মায়) থাকে (মুসলিম : ৬৫৭)।

Whoever prays the Fajr prayer is under the protection (guarantee) of Allah.

## সুরক্ষা

اِحْفَظِ اللهَ يَحْفَظْكَ

১৪ .আল্লাহর আদেশ ও নিষেধ বাস্তবায়নের মাধ্যমে তাকে হেফাজত করো, তাহলে আল্লাহ তোমাকে দুনিয়াতে বিপদাপদ ও অকল্যাণ থেকে রক্ষা করবেন এবং পরকালে সকল প্রকার শাস্তি থেকে বাঁচিয়ে দেবেন (তিরমিযী : ২৫১৬)।

Be mindful of Allah and Allah will protect you.

## দোয়া

إِذَا سَأَلْتَ فَاسْأَلِ اللهَ

১৫. যখন কিছু চাইবে, আল্লাহর কাছেই চাইবে (তিরমিযী : ২৫১৬)।

If you ask, ask only Allah.

اَلدُّعَاءُ هُوَ الْعِبَادَةُ

১৬. দোয়া অন্যতম ইবাদত (তিরমিযী : ২৯৬৯)।

The supplication is a form of worship.

اَلدُّعَاءُ يَنْفَعُ مِمَّا نَزَلَ وَمِمَّا لَمْ يَنْزِلْ

১৭. দোয়া বিপদে এবং বিপদ আসার আগেও উপকারে আসে (তিরমিযী : ৩৫৪৮)।

Supplication benefits against what has already descended and what has not yet descended.

## আল্লাহর সাক্ষাৎ

مَنْ أَحَبَّ لِقَاءَ اللهِ أَحَبَّ اللهُ لِقَاءَهُ

১৮. যে ব্যক্তি আল্লাহর সাথে সাক্ষাৎ করা পছন্দ করবে, আল্লাহও তার সাথে সাক্ষাৎ করা পছন্দ করবেন (মুসলিম : ২৬৮৪)।

He who loves to meet Allah, Allah also loves to meet him.

## যিকির

يَا أَيُّهَا النَّاسُ اذْكُرُوا اللهَ

১৯. হে লোকেরা, আল্লাহর যিকির করো (তিরমিযী : ৫৮০)।

O people always remember Allah.

## সৌন্দর্য

إِنَّ اللهَ جَمِيْلٌ يُحِبُّ الْجَمَالَ

২০. নিশ্চয়ই আল্লাহ সুন্দর, সৌন্দর্য পছন্দ করেন (মুসলিম : ৬১২)।

Allah is Beautiful, He loves beauty

## পবিত্রতা

لَا يَقْبَلُ اللهُ صَلَاةً بِغَيْرِ طُهُوْرٍ

২১. আল্লাহ পবিত্রতাহীন সলাত গ্রহণ করেন না (নাসায়ি : ১৩৯)।

Allah does not accept Salah without purification.

اَلطُّهُوْرُ شَطْرُ الْإِيْمَانِ

২২. পবিত্রতা ঈমানের অঙ্গ (মুসলিম : ২২৩)।

Cleanliness is half of faith.

## অযু

أَسْبِغُوْا الْوُضُوْءَ

২৩. ভালোভাবে অযু করো (মুসলিম : ২৪১)।

Perform ablution properly.

## মিসওয়াক

اَلسِّوَاكُ مَطْهَرَةٌ لِلْفَمِ مَرْضَاةٌ لِلرَّبِّ

২৪. মিসওয়াক মুখের পবিত্রতা ও রবের সন্তুষ্টির মাধ্যম (ইবনে মাজাহ : ২৮৯)।

Siwak is a means of purification for the mouth and is pleasing to the Lord.

## সলাত

صَلُّوْا خَمْسَكُمْ

২৫. তোমরা পাঁচ ওয়াক্ত সলাত আদায় করো (তিরমিযী : ৭৩)।

Perform your five daily prayers.

مَنْ تَرَكَ الصَّلَاةَ مُتَعَمِّدًا فَقَدْ كَفَرَ

২৬. যে ব্যক্তি ইচ্ছাকৃতভাবে নামায ছেড়ে দিলো, সে কুফরি করল (মুসলিম : ৮২)।

Whoever deliberately leaves the prayer has committed disbelief.

## সেজদা

عَلَيْكَ بِكَثْرَةِ السُّجُودِ

২৭. বেশি বেশি সেজদা করো, সলাত আদায় করো (মুসলিম : ১০৭)।

Make frequent prostrations before Allah.

أَقْرَبُ مَا يَكُونُ الْعَبْدُ مِنْ رَبِّهِ وَهُوَ سَاجِدٌ؛ فَأَكْثِرُوا الدُّعَاءَ

২৮. বান্দা সেজদা অবস্থায় তার রবের সবচেয়ে কাছে থাকে। বেশি বেশি সেজদা করো (মুসলিম : ৪৮২)।

The closest a servant is to his Lord is when he is in prostration (sujood), so increase supplication (du‘a).

أَتِمُّوا الرُّكُوعَ وَالسُّجُودَ

২৯. রুকু-সেজদা পরিপূর্ণভাবে আদায় করো (বুখারি : ৬৬৪৪)।

Perform the bowing and the prostration of prayer properly.

## সদকা

مَا نَقَصَتْ صَدَقَةٌ مِنْ مَالٍ

৩০. সদকা করলে সম্পদ কমে না (মুসলিম : ৬০৩)।

Charity does not in any way decrease the wealth.

مَنْ سَأَلَ بِاللهِ فَأَعْطُوْهُ

৩১. আল্লাহর দোহাই দিয়ে কেউ ভিক্ষা চাইলে, তাকে কিছু হলেও দান করবে (আবু দাউদ : ১৬৭২)।

If anyone begs in Allah’s name, give him something.

اَلْكَلِمَةُ الطَّيِّبَةُ صَدَقَةٌ

৩২. উত্তম কথা সদকাস্বরূপ (বুখারি : ২৯৮৯)।

Saying something good is an act of charity.

أَمْرٌ بِالْمَعْرُوْفِ صَدَقَةٌ

৩৩. সৎকাজের আদেশ করা সদকাস্বরূপ (মুসলিম : ১১৮)।

Enjoining good is an act of charity.

لَا تَعُدْ فِيْ صَدَقَتِكَ

৩৪. সদকা করে তা ফেরত নিয়ো না (মুসলিম : ১৬২০)।

Do not take back your charity.

كُلُّ مَعْرُوْفٍ صَدَقَةٌ

৩৫. প্রতিটি ভালো কাজই সদকা (বুখারি : ৬০২১)।

Every act of kindness is charity.

تَبَسُّمُكَ فِيْ وَجْهِ أَخِيْكَ لَكَ صَدَقَةٌ

৩৬. তোমার ভাইয়ের সামনে তোমার মুচকি হাসিও একটি সদকা (তিরমিযী : ১৯৫৬)।

Your smiling in the face of your brother is charity for you.

كُلُّ تَكْبِيْرَةٍ صَدَقَةٌ

৩৭. আল্লাহু আকবার বলা সদকাস্বরূপ (মুসলিম : ১১৮)।

Saying ‘Allahu Akbar’ is charity.

اَلْيَدُ الْعُلْيَا خَيْرٌ مِنَ الْيَدِ السُّفْلٰى

৩৮. উপরের হাত নিচের হাতের চেয়ে উত্তম (বুখারি : ১৪২৭)।

The upper (giving) hand is better than the lower (taking) hand.

## কুরআন কারিম

إِنَّ أَحْسَنَ الْحَدِيْثِ كِتَابُ اللهِ

৩৯. সর্বোত্তম কথা হলো আল্লাহর কিতাব (বুখারি : ৭২৭৭)।

The best speech is Allah’s Book.

خُذُوْا بِكِتَابِ اللهِ وَاسْتَمْسِكُوْا بِه

৪০. আল্লাহর কিতাব শক্ত করে আঁকড়ে ধরো এবং আল্লাহর কিতাবের সাথে লেগে থাকো (মুসলিম : ২৪০৮)।

Hold fast to the Book of Allah and adhere to it.

خَيْرُكُمْ مَنْ تَعَلَّمَ الْقُرْاٰنَ وَعَلَّمَهٗ

৪১. কুরআন শিক্ষাকারী ও কুরআন শিক্ষাদানকারী সর্বোত্তম ব্যক্তি (বুখারি : ৯৯৩)।

The best among you is he who learns and teaches the Qur’an.

زَيِّنُوا الْقُرْاٰنَ بِأَصْوَاتِكُمْ

৪২. সুন্দর কণ্ঠস্বরে কুরআন তিলাওয়াত করবে (ইবনে মাজাহ : ১৩৪২)।

Make your voices beautiful when you recite Quran.

تَعَاهَدُوا الْقُرْاٰنَ

৪৩. নিয়মিত কুরআন পড়বে, কুরআন চর্চা করবে (বুখারি : ৫০৩৩)।

Read the Qur'an regularly.

اِقْرَؤُوا الْقُرْاٰنَ؛ فَإِنَّهٗ يَأْتِيْ يَوْمَ الْقِيَامَةِ شَفِيْعًا لِأَصْحَابِه

৪৪. তোমরা কুরআন পাঠ করো। কেননা, তা কেয়ামতের দিন তার পাঠকারীদের জন্য সুপারিশকারীরূপে উপস্থিত (মুসলিম : ৮০৪)।

Recite the Qur'an, for it will come on the Day of Resurrection as an intercessor for its companions.

## ইলম

طَلَبُ الْعِلْمِ فَرِيْضَةٌ عَلٰى كُلِّ مُسْلِمٍ

৪৫. ইলম তলব করা প্রতিটি মুসলমানের ওপর ফরয (ইবনে মাজাহ : ২২৪)।

Seeking knowledge is an obligatory upon every Muslim.

مَنْ سَلَكَ طَرِيْقًا يَلْتَمِسُ فِيْهِ عِلْمًا سَهَّلَ اللهُ لَهُ طَرِيْقًا إِلَى الْجَنَّةِ

৪৬. যে ইলম অর্জনের পথে চলে আল্লাহ তার জন্য জান্নাতের পথ সহজ করে দেন (মুসলিম : ২৬৯৯)।

Whoever travels a path seeking knowledge, Allah will make easy for him a path to Paradise.

فَضْلُ الْعِلْمِ أَحَبُّ إِلَيَّ مِنْ فَضْلِ الْعِبَادَةِ

৪৭. নফল ইবাদতের চেয়ে জ্ঞান অর্জনের মর্যাদা আমার কাছে বেশি প্রিয় (তাবারানি : ৩৯৬০)।

The excellence of knowledge is more beloved to me than the excellence of worship.

## আলেমের মর্যাদা

إِنَّ الْعُلَمَاءَ وَرَثَةُ الْأَنْبِيَاءِ

৪৮. উলামায়ে কেরাম নবীগণের উত্তরসূরি (আবু দাউদ : ৩৬৪১)।

Indeed, the scholars are the inheritors of the prophets.

## মধ্যমপন্থা

اَلْقَصْدَ الْقَصْدَ تَبْلُغُوْا

৪৯. মধ্যমপন্থা অবলম্বন করো, তাহলে আপন লক্ষ্যে পৌঁছতে পারবে (বুখারি : ৬৪৬৩)।

Always adopt a middle, moderate way to reach your target.

## ঝগড়া পরিহার

أَلَا هَلَكَ الْمُتَنَطِّعُوْنَ

৫০. অধিক বচসা ও ঝগড়াকারী লোকেরা ধ্বংসপ্রাপ্ত হয়েছে (আবু দাউদ : ৪৬০৮)।

Beware! The extremists perished.

## মুমিনের সঙ্গ

لَا تُصَاحِبْ إِلَّا مُؤْمِنًا

৫১. শুধু মুমিন ব্যক্তির সঙ্গ অবলম্বন করো (তিরমিযী : ২৩৯৫)।

Keep only a believer as a companion.

## ঐক্য

مَنْ حَمَلَ عَلَيْنَا السِّلَاحَ فَلَيْسَ مِنَّا

৫২. যে ব্যক্তি আমাদের বিরুদ্ধে অস্ত্র তুলে নিবে, সে আমাদের দলভুক্ত নয় (বুখারি : ৭০৭০)।

Whoever takes up arms against us, is not from us.

## মাতা-পিতা

إِنَّ اللهَ حَرَّمَ عَلَيْكُمْ عُقُوقَ الْأُمَّهَاتِ

৫৩. আল্লাহ তোমাদের ওপর মায়েদের সাথে দুর্ব্যবহার করা হারাম করেছেন (বুখারি : ৫৯৭৫)।

Allah has forbidden you to be undutiful to your mothers.

اَلْوَالِدُ أَوْسَطُ أَبْوَابِ الْجَنَّةِ

৫৪. বাবা হলেন জান্নাতের মধ্যবর্তী দরজাস্বরূপ (ইবনে মাজাহ : ৩৬৬৩)।

The father is the middle door of Paradise.

لَا تَرْغَبُوْا عَنْ آبَائِكُمْ

৫৫. তোমরা বাবাদের ব্যাপারে উদাসীন হয়ে যেয়ো না (বুখারি : ২৯৩)।

Do not turn away from your fathers.

## মুসলিম ভাই

اَلْمُسْلِمُ أَخُو الْمُسْلِمِ

৫৬. এক মুসলিম আরেক মুসলিমের ভাই (বুখারি : ২৪৪)।

A Muslim is a brother of another Muslim.

كُوْنُوْا عِبَادَ اللهِ إِخْوَانًا

৫৭. তোমরা আল্লাহর বান্দা ভাই ভাই হয়ে থাকো (মুসলিম : ২৫৫৮)।

Be like brothers, O Servants of Allah.

لَا تَبَاغَضُوْا وَلَا تَحَاسَدُوْا وَلَا تَدَابَرُوْا

৫৮. তোমরা পরস্পর হিংসা-বিদ্বেষ করো না এবং একে অন্যের দিকে পিঠ ফিরিয়ে থেকো না (মুয়াত্তা : ১৬৮২)।

Do not be angry with each other and do not envy each other and do not turn away from each other.

لَا يَحِلُّ لِمُسْلِمٍ أَنْ يَهْجُرَ أَخَاهُ فَوْقَ ثَلَاثِ لَيَالٍ

৫৯. কোনো মুসলিমের জন্য তার কোনো মুসলিম ভাইকে তিন রাত্রির অধিক ত্যাগ করা বৈধ নয় (বুখারি : ৬০৭৬)।

It is not halal for a muslim to shun his brother for more than three nights.

## মুসলিমের সম্মান রক্ষা

مَن ستر مُسلِمًا ستره اللّٰهُ في الدُّنيا والآخِرة

৬০. যে ব্যক্তি কোনো মুসলিমের দোষ গোপন রাখে,

আল্লাহ দুনিয়া ও আখেরাতে তার দোষ গোপন রাখবেন (ইবনে মাজাহ : ২০৭৮)।

Whoever conceals the faults of a Muslim, Allah will conceal his faults in this world and the Hereafter.

## মুমিন বান্দা

اَلْمُؤْمِنُ مِرْآةُ الْمُؤْمِنِ

৬১. এক মুমিন আরেক মুমিনের আয়নাস্বরূপ (আবু দাউদ : ৪৯১৮)।

A believer is a mirror to his brother.

اَلْمُؤْمِنُ لَا يُنْجَسُ

৬২. মুমিন অপবিত্র হয় না (বুখারি : ২৮৩)।

A believer does not become impure.

## মুমিন ভাইয়ের সাহায্য

اُنْصُرْ أَخَاكَ ظَالِمًا أَوْ مَظْلُوْمًا

৬৩. তোমার ভাইকে সাহায্য করো, সে জালেম হোক বা মজলুম (বুখারি : ৬৯৫২)।

Help your brother, whether he is an oppressor or he is oppressed.

**ব্যাখ্যা :** এ কথা শুনে সাহাবায়ে কেরাম প্রশ্ন করলেন, ইয়া রাসূলাল্লাহ, মজলুমকে সাহায্য করার কথা বুঝলাম, জালেমকে কীভাবে সাহায্য করব? নবীজি বললেন, জালেমকে জুলুম থেকে বাধা দিয়ে সাহায্য করবে। জুলুম করা থেকে বাঁচানোই জালেমের জন্য অনেক বড় সাহায্য।

## মুমিনের পরিচয়

مَنْ سَرَّتْهُ حَسَنَتُهُ وَسَاءَتْهُ سَيِّئَتُهُ فَذٰلِكُمُ الْمُؤْمِنُ

৬৪. যার ভালো কাজ তাকে আনন্দ দেয় এবং তার মন্দ কাজ তাকে কষ্ট দেয়, সেই-ই প্রকৃত মুমিন (তিরমিযী : ২১৬৫)।

The one whose good deeds make him happy and whose bad deeds make him feel bad—that is the true believer.

## মুমিন প্রতিবেশী

مَنْ كَانَ يُؤْمِنُ بِاللّٰهِ وَالْيَوْمِ الْآخِرِ فَلَا يُؤْذِ جَارَهُ

৬৫. যে ব্যক্তি আল্লাহ ও আখেরাতের দিবসে ঈমান রাখে, সে যেন তার প্রতিবেশীকে কষ্ট না দেয় (বুখারি : ৬০১৮)।

Whoever believes in Allah and the Last Day should not harm his neighbor.

## মেহমানের সম্মান

مَن كانَ يُؤْمِنُ بِاللَّهِ واليَوْمِ الآخِرِ فَلْيُكْرِمْ ضَيْفَهُ،

৬৬. যে ব্যক্তি আল্লাহ ও আখিরাতের দিবসে ঈমান রাখে, সে যেন তার মেহমানকে সম্মান করে (বুখারি : ৬০১৮)।

Whoever believes in Allah and the Last Day should honor his guest.

## উত্তম আখলাক

خَالِقِ النَّاسَ بِخُلُقٍ حَسَنٍ

৬৭. মানুষের সাথে উত্তম আচরণ করবে (তিরমিযী : ৬১)।

Behave well towards the people.

إِنَّ مِنْ خِيَارِكُمْ أَحْسَنَكُمْ أَخْلَاقًا

৬৮. তোমাদের মধ্যে যার আখলাক সুন্দর, সেই তোমাদের মধ্যে উত্তম (বুখারি : ৩৫৫৯)।

The best amongst you are those who have the best manners.

اَلْبِرُّ حُسْنُ الْخُلُقِ

৬৯. উত্তম চরিত্রই পুণ্য (মুসলিম : ২৫৫৩)।

Virtue is noble behavior.

## পাপ

اَلْإِثْمُ مَا حَاكَ فِيْ صَدْرِكَ، وَكَرِهْتَ أَنْ يَطَّلِعَ عَلَيْهِ النَّاسُ

৭০. পাপ হলো সেই বিষয়, যা তোমার অন্তরে খচখচ করে এবং তুমি অপছন্দ কর যে মানুষ তা জেনে ফেলুক (মুসলিম : ২৫৫৩)।

Sin is that which wavers in your heart and you dislike that people become aware of it.

## নবীজির আখলাক

إِنَّمَا بُعِثْتُ لِأُتَمِّمَ مَكَارِمَ الْأَخْلَاقِ

৭১. আমি উত্তম আখলাকে পূর্ণতা দেওয়ার জন্য প্রেরিত হয়েছি (বাইহাকি : ২১৩০১)।

I was only sent to perfect good character (noble morals).

## দয়া

لَا يَرْحَمُ اللهُ مَنْ لَا يَرْحَمُ النَّاسَ

৭২. যে ব্যক্তি মানুষের প্রতি দয়া করে না, আল্লাহ তাকে দয়া করেন না (বুখারি : ৭৩৭৬)।

Allah will not be merciful to those who are not merciful to mankind.

## সালাম

أَفْشُوا السَّلَامَ بَيْنَكُمْ

৭৩. তোমাদের মধ্যে সালামের প্রসার ঘটাও (মুসলিম : ৫৪)।

Promote greeting of Salam amongst you.

يُسَلِّمُ الصَّغِيْرُ عَلَى الْكَبِيْرِ

৭৪. ছোট বড়কে সালাম দিবে (বুখারি : ৬২৩৪)।

The younger person should greet the older one.

## সারল্য

اَلْبَذَاذَةُ مِنَ الْإِيْمَانِ

৭৫. সহজ-সরলতা ঈমানের অংশ (ইবনে মাজাহ : ৪১১৮)।

Simplicity is part of faith.

## সচ্চরিত্রতা

مَنْ يَسْتَعْفِفْ يُعِفَّهُ اللهُ

৭৬. যে ব্যক্তি নিষ্কলুষ থাকতে চায়, আল্লাহ তাকে নিষ্কলুষ রাখবেন (বুখারি : ৫২৭)।

Whoever seeks to remain chaste (or abstinent), Allah will grant him chastity.

## অমুখাপেক্ষিতা

وَمَنْ يَسْتَغْنِ يُغْنِهِ اللهُ

৭৭. যে ব্যক্তি মানুষের থেকে মুখাপেক্ষীহীন থাকতে চায়, আল্লাহ্ তাকে মুখাপেক্ষীহীন রাখবেন (বুখারি : ৫২৭)।

And whoever seeks self-sufficiency, Allah will make him self-sufficient.

## সবর

مَنْ يَتَصَبَّرْ يُصَبِّرْهُ اللهُ

৭৮. যে ব্যক্তি ধৈর্যধারণ করে, আল্লাহ্ তাকে সবর দান করেন (মুসলিম : ৬৪৭০)।

Whoever remains patient, Allah will make him patient.

اَلصَّبْرُ ضِيَاءٌ

৭৯. সবর আলোস্বরূপ (মুসলিম : ২৫)।

Patience is light.

أَنَّ النَّصْرَ مَعَ الصَّبْرِ

৮০. সবরের মাধ্যমেই বিজয় আসে (তিরমিযী : ১৯)।

The victory comes with patience.

مَا أُعْطِيَ أَحَدٌ مِنْ عَطَاءٍ خَيْرٌ وَأَوْسَعُ مِنَ الصَّبْرِ

৮১. সবরের চেয়ে উত্তম ও ব্যাপক কোনো নেয়ামত কাউকে দেওয়া হয়নি (মুসলিম : ৬৪৭০)।

Nobody can be given a blessing better and greater than patience.

## কোমলতা

إِنَّ اللهَ رَفِيْقٌ يُحِبُّ الرِّفْقَ

৮২. নিশ্চয়ই আল্লাহ দয়ালু এবং তিনি কোমলতা পছন্দ করেন (মুসলিম : ২১৬৫)।

Indeed, Allah is Gentle and loves gentleness.

فِيْ كُلِّ كَبِدٍ رَطْبَةٍ أَجْرٌ

৮৩. প্রত্যেকটা প্রাণীর সাথে ভালো ব্যবহার করার মধ্যেও সাওয়াব আছে (মুসলিম : ২২৪৪)।

There is a reward for service to every living animal.

اِتَّقُوا اللّٰهَ فِيْ هٰذِهِ الْبَهَائِمِ الْمُعْجَمَةِ

৮৪. তোমরা এই অবলা জন্তুদের ব্যাপারে আল্লাহকে ভয় করো (আবু দাউদ : ২৫৪৮)।

Fear Allah regarding these dumb animals.

مَنْ لَا يَرْحَمُ لَا يُرْحَمُ

৮৫. যে দয়া করে না, তার ওপর দয়া করা হয় না (বুখারি : ৬০১৩)।

Whoever does not show mercy will not be shown mercy.

إِنَّ الرِّفْقَ لَا يَكُوْنُ فِيْ شَيْءٍ إِلَّا زَانَهُ، وَلَا يُنْزَعُ مِنْ شَيْءٍ إِلَّا شَانَهُ

৮৬. নম্রতা যে বিষয়ে থাকে সে বিষয়কে তা সৌন্দর্যমণ্ডিত (মনোহর) করে তোলে। আর যে বিষয় থেকে তা তুলে নেওয়া হয়, সে বিষয়কে সৌন্দর্যহীন করে ফেলে (মুসলিম : ২৫৯৪)।

Gentleness is not found in anything except that it beautifies it, and it is not removed from anything except that it makes it defective.

مَنْ يُحْرَمِ الرِّفْقَ يُحْرَمِ الْخَيْرَ

৮৭. যে ব্যক্তি কোমলতা থেকে বঞ্চিত, সে ব্যক্তি কল্যাণ থেকে বঞ্চিত (মুসলিম : ২৫৯২)।

Whoever is deprived of gentleness is deprived of all good.

## লাজুকতা

اَلْحَيَاءُ كُلُّهُ خَيْرٌ

৮৮. লাজুকতা পুরোটাই কল্যাণ (মুসলিম : ৩৭)।

All of shyness is good.

## সেবক

سَاقِي الْقَوْمِ اٰخِرُهُمْ شُرْبًا

৮৯. পানীয় পরিবেশনকারী সবার পরে পান করবে (ইবনে মাজাহ : ৩৪৩৪)।

The one who serves water to others should be the last one to drink from it.

## শুভ্র পোশাক

اِلْبَسُوْا مِنْ ثِيَابِكُمُ الْبَيَاضَ

৯০. সাদা পোশাক পরার চেষ্টা করবে (আবু দাউদ ৩৮৭৮)।

Wear often white clothes.

## জান্নাতের দরজা

فِي الْجَنَّةِ ثَمَانِيَةُ أَبْوَابٍ

৯১. জান্নাতের আটটি দরজা আছে (বুখারি : ৩২৫৭)।

Paradise has eight gates.

## সত্যবাদিতা

اَلصِّدْقُ طُمَأْنِيْنَةٌ

৯২. সত্যবাদিতায় প্রশান্তি আছে (তিরমিযী : ২৫১৮)।

The truth brings peace.

عَلَيْكُمْ بِالصِّدْقِ

৯৩. সত্যবাদিতাকে আঁকড়ে ধরবে (আবু দাউদ : ৪৯৮৯)।

Always tell the truth.

## আনুগত্য

أَطِيْعُوا أُمَرَاءَكُمْ

৯৪. নেতাদের আনুগত্য করবে (তিরমিযী : ৭৩)।

Obey your leaders.

## সুস্থতার দোয়া

سَلُوا اللّٰهَ الْعَافِيَةَ فِي الدُّنْيَا وَالْاٰخِرَةِ

৯৫. আল্লাহর কাছে দুনিয়া আখেরাতের নিরাপত্তা প্রার্থনা করবে (তিরমিযী : ৩৫৯৪)।

Ask Allah to give you safety in this world and in the hereafter.

## সতর

اَلْفَخِذُ عَوْرَةٌ

৯৬. রান সতরের অন্তর্ভুক্ত (তিরমিযী : ২৭৯৭)।

Know that the thigh is private part.

## হাদিয়া

تَهَادَوْا تَحَابُّوْا

৯৭. পরস্পর হাদিয়া বিনিময় করবে, মহব্বত বৃদ্ধি পাবে (মুয়াত্তা মালিক : ১৬৫১)।

Exchange gifts, as that will increase your love to each other.

## খাবারের আদব

سَمِّ اللّٰهَ وَكُلْ بِيَمِيْنِكَ

৯৮. আল্লাহর নাম নিয়ে ডান হাতে আহার করবে (মুসলিম : ২০২২)।

Mention the name of Allah, and eat with your right hand.

لَا تَأْكُلُوْا بِالشِّمَالِ فَإِنَّ الشَّيْطَانَ يَأْكُلُ بِالشِّمَالِ

৯৯. বাম হাত দিয়ে আহার করো না, শয়তান বাম হাত দিয়ে খায় (মুসলিম : ২০১৯)।

Do not eat with your left hand, for Shaitan eats with his left hand.

## ছবি নিষিদ্ধ

لَا تَدْخُلُ الْمَلَائِكَةُ بَيْتًا فِيْهِ كَلْبٌ وَلَا صُوْرَةٌ

১০০. যে ঘরে কুকুর ও প্রাণীর ছবি থাকে, যে ঘরে ফেরেশতা প্রবেশ করে না (বুখারি : ৩২২৫)।

The angels do not enter a house in which there is a dog or a picture.

## চুলের যত্ন

مَنْ كَانَ لَهُ شَعْرٌ فَلْيُكْرِمْهُ

১০১. যে ব্যক্তির চুল আছে, সে যেন তা যত্ন করে (আবু দাউদ : ৪১৬৩)।

He who has hair should honour it.

## অন্যের ক্ষতি

مَنْ ضَارَّ ضَارَّ اللّٰهُ بِهِ

১০২. যে ব্যক্তি অন্যের ক্ষতি করে, আল্লাহ্ তার ক্ষতি করেন (আবু দাউদ : ৩৬৩৫)।

Whoever harms others, Allah will harm him.

لَا ضَرَرَ وَلَا ضِرَارَ

১০৩. নিজের ক্ষতি করা যাবে না, অন্যের ক্ষতিও করা যাবে না (ইবনে মাজাহ : ২৩৪০)।

There should be neither harming nor reciprocating harm.

## দাওয়াত

مَنْ دَعَاكُمْ فَأَجِيْبُوْهُ

১০৪. যে তোমাদের দাওয়াত দেয়, তার দাওয়াত গ্রহণ করবে (আবু দাউদ : ২১৩)।

Accept the invitation of him who invites you.

## অহংকার

اَلْكِبْرُ بَطَرُ الْحَقِّ وَغَمْطُ النَّاسِ

১০৫. অহংকার হলো সত্যকে অস্বীকার করা এবং মানুষকে তুচ্ছ জ্ঞান করা (মুসলিম : ৯১)।

Arrogance is rejecting the truth and looking down on people.

لَا يَدْخُلُ الْجَنَّةَ مَنْ كَانَ فِيْ قَلْبِه مِثْقَالُ ذَرَّةٍ مِنْ كِبْرٍ

১০৬. যার অন্তরে অণু পরিমাণ অহংকার থাকবে সে জান্নাতে প্রবেশ করবে না (মুসলিম : ৯১)।

He will not enter Paradise who has in his heart an atom’s weight of arrogance.

## চুপ থাকা

مَنْ صَمَتَ نَجَا

১০৭. যে চুপ থাকল সে মুক্তি পেল (তিরমিযী : ২৫০১)।

Whoever remains silent is saved.

مَنْ كَانَ يُؤْمِنُ بِاللهِ وَالْيَوْمِ الْآخِرِ فَلْيَقُلْ خَيْرًا أَوْ لِيَصْمُتْ

১০৮. আর যে ব্যক্তি আল্লাহ ও আখিরাতের দিবসে ঈমান রাখে, সে যেন ভালো কথা বলে অথবা নীরব থাকে (বুখারি : ৬০১৮)।

And whoever believes in Allah and the Last Day should speak good or remain silent.

## ইসলামের সৌন্দর্য

مِنْ حُسْنِ إِسْلَامِ الْمَرْءِ تَرْكُهُ مَا لَا يَعْنِيْهِ

১০৯. একজন ব্যক্তির ইসলামের সৌন্দর্য হলো অনর্থক বিষয় ত্যাগ করা (তিরমিযী : ২৩১৭)।

Part of a person’s good Islam is leaving that which does not concern him.

## মুসলিম

اَلْمُسْلِمُ مَنْ سَلِمَ الْمُسْلِمُوْنَ مِنْ لِسَانِهِ وَيَدِهِ

১১০. প্রকৃত মুসলিম সে, যার হাত ও মুখ থেকে অন্য মুসলিম নিরাপদ (বুখারি : ১০)।

A Muslim is the one from whose tongue and hand other Muslims are safe.

اَلْمُسْلِمُوْنَ عِنْدَ شُرُوْطِهِمْ

১১১. মুসলিমরা তাদের দেওয়া শর্ত পালনে প্রতিশ্রুতিবদ্ধ (আবু দাউদ : ৩৫৯৪)।

Muslims are bound by their conditions (agreements).

## মুমিন

اَلْمُؤْمِنُ لِلْمُؤْمِنِ كَالْبُنْيَانِ يَشُدُّ بَعْضُهٗ بَعْضًا

১১২. এক মুমিন অন্য মুমিনের জন্য ইমারত বা দেয়ালের মতো, একে অপরকে মজবুত করে (বুখারি : ২৪৪৬)।

A believer to another believer is like a building; each part strengthens the other.

لَا يُؤْمِنُ أَحَدُكُمْ حَتّٰى يُحِبَّ لِأَخِيْهِ مَا يُحِبُّ لِنَفْسِه

১১৩. তোমাদের কেউ (প্রকৃত) মুমিন হবে না, যতক্ষণ না সে তার ভাইয়ের জন্য তা-ই পছন্দ করবে, যা নিজের জন্য পছন্দ করে (বুখারি : ১৩)।

None of you truly believes until he loves for his brother what he loves for himself.

لَا تَدْخُلُوا الْجَنَّةَ حَتّٰى تُؤْمِنُوْا وَلَا تُؤْمِنُوْا حَتّٰى تَحَابُّوْا

১১৪. ঈমান না আনা পর্যন্ত জান্নাতে যাবে না, আর পরস্পরকে না ভালোবাসা পর্যন্ত মুমিন হবে না (মুসলিম : ৫৪)।

You will not enter Paradise until you believe, and you will not truly believe until you love one another.

## শক্তিমান মুমিন

اَلْمُؤْمِنُ الْقَوِيُّ خَيْرٌ وَأَحَبُّ إِلَى اللهِ مِنَ الْمُؤْمِنِ الضَّعِيْفِ، وَفِيْ كُلٍّ خَيْرٌ

১১৫. সবল মুমিন আল্লাহর নিকট দুর্বল মুমিন অপেক্ষা প্রিয়তর ও ভালো। অবশ্য উভয়ের মাঝেই কল্যাণ রয়েছে (মুসলিম : ২৬৬৪)।

The strong believer is better and more beloved to Allah than the weak believer, while there is good in both.

## পরনিন্দা

أَتَدْرُوْنَ مَا الْغِيْبَةُ؟ ذِكْرُكَ أَخَاكَ بِمَا يَكْرَهُ

১১৬. তোমরা কি জানো গিবত কী? গিবত হলো, তুমি তোমার ভাই সম্পর্কে এমন কিছু বলো, যা সে অপছন্দ করে (মুসলিম : ২৫৮৯)।

Do you know what backbiting is? It is to mention about your brother that which he dislikes.

لَا يَدْخُلُ الْجَنَّةَ نَمَّامٌ

১১৭. পরনিন্দা করে বেড়ানো ব্যক্তি জান্নাতে প্রবেশ করবে না (মুসলিম : ১০৫)।

A tale-bearer (one who spreads gossip/slander) will not enter Paradise.

## কুধারণা

إِيَّاكُمْ وَالظَّنَّ فَإِنَّ الظَّنَّ أَكْذَبُ الْحَدِيْثِ

১১৮. তোমরা কুধারণা পোষণ করা থেকে বিরত থাকো। কারণ কুধারণা সব চাইতে বড় মিথ্যা কথা (বুখারি : ৬৭২৪)।

Beware of suspicion, for suspicion is the most false of speech.

## শ্রমিকের অধিকার

أَعْطُوا الْأَجِيرَ أَجْرَهُ قَبْلَ أَنْ يَجِفَّ عَرَقُهُ

১১৯. শ্রমিকের গায়ের ঘাম শুকানোর আগেই তার মজুরি দিয়ে দাও (ইবনে মাজাহ : ২৪৪৩)।

Give the worker his wages before his sweat dries.

## হালাল উপার্জন

أَطْيَبُ الْكَسْبِ عَمَلُ الرَّجُلِ بِيَدِهِ

১২০. সর্বোত্তম উপার্জন হলো নিজ হাতের কাজ (মুসনাদে আহমাদ : ১৭২৬৫)।

The best earning is that which a man earns with his own hands.

## কৃতজ্ঞতা

مَنْ لَمْ يَشْكُرِ النَّاسَ لَمْ يَشْكُرِ اللَّهَ

১২১. যে মানুষের কৃতজ্ঞতা প্রকাশ করে না সে আল্লাহর প্রতিও কৃতজ্ঞ হয় না (তিরমিযী : ১৯৫৫)।

Whoever does not thank people has not thanked Allah.

## যেনা-ব্যভিচার

إِنَّ اللَّهَ كَتَبَ عَلَى ابْنِ آدَمَ حَظَّهُ مِنَ الزِّنَا، أَدْرَكَ ذَلِكَ لَا مَحَالَةَ، فَزِنَا الْعَيْنِ النَّظَرُ، وَزِنَا اللِّسَانِ الْمَنْطِقُ، وَالنَّفْسُ تَمَنَّى وَتَشْتَهِي، وَالْفَرْجُ يُصَدِّقُ ذَلِكَ كُلَّهُ وَيُكَذِّبُهُ

১২২. আল্লাহ আদম সন্তানের জন্য তার যিনার অংশ লিখে

রেখেছেন; সে তা অবশ্যই পাবে। চোখের যিনা হলো তাকানো, জিহ্বার যিনা হলো কথা বলা। আর মন কামনা করে ও আকাঙ্ক্ষা পোষণ করে। এরপর লজ্জাস্থান তা বাস্তবায়ন করে অথবা অস্বীকার করে (বুখারি : ৬২৪৩)।

Allah has decreed for the son of Adam his share of zina, which he will inevitably commit. The zina of the eyes is looking, the zina of the tongue is speaking, and the soul desires and wishes; then the private parts confirm it or deny it.

## জাহান্নামি অঙ্গ

مَا أَسْفَلَ مِنَ الْكَعْبَيْنِ مِنَ الإِزَارِ فِي النَّارِ

১২৩. লুঙ্গি/পোশাকের যে অংশ টাখনুর নিচে থাকে, তা জাহান্নামে থাকবে (আহমাদ : ৯৯৩৪)।

Whatever of the lower garment hangs below the ankles is in the Fire.

## লজ্জাস্থানের হেফাজত

مَن يَضْمَنْ لِي مَا بَيْنَ لَحْيَيْهِ وَمَا بَيْنَ رِجْلَيْهِ، أَضْمَنْ لَهُ الْجَنَّةَ

১২৪. যে ব্যক্তি আমাকে তার দুই চোয়ালের মাঝের জিনিস (জিহ্বা) এবং দুই পায়ের মাঝের জিনিস (লজ্জাস্থান)

সংরক্ষণের নিশ্চয়তা দেবে, আমি তার জন্য জান্নাতের নিশ্চয়তা দেব (বুখারি : ৬৪৭৪)।

Whoever guarantees for me what is between his jaws and what is between his legs, I will guarantee Paradise for him.

## ঝগড়াটে পুরুষ

إِنَّ أَبْغَضَ الرِّجَالِ إِلَى اللَّهِ الأَلَدُّ الخَصِمُ

১২৫. নিশ্চয় আল্লাহর কাছে সবচেয়ে ঘৃণিত মানুষ হলো সেই ব্যক্তি, যে অত্যন্ত ঝগড়াটে ও কঠোর বিতণ্ডাকারী (বুখারি : ২৪৫৭)।

Indeed, the most hated of men to Allah is the one who is fiercely quarrelsome and argumentative.

## নজরের হেফাজত

لَا تُتْبِعِ النَّظْرَةَ النَّظْرَةَ فَإِنَّ لَكَ الأُولَى وَلَيْسَتْ لَكَ الآخِرَةُ

১২৬. বেগানা নারীর দিকে অনিচ্ছায় একপলক তাকানোর পর আরেকবার তাকিয়ো না। কারণ প্রথম (অনিচ্ছাকৃত) দৃষ্টি তোমার জন্য ক্ষমাযোগ্য, কিন্তু পরবর্তী দৃষ্টি তোমার জন্য বৈধ নয় (আবু দাউদ : ২১৪৯)।

Do not follow one glance with another, for the first is allowed for you, but the second is not.

## দায়িত্বশীল

أَلَا كُلُّكُمْ رَاعٍ، وَكُلُّكُمْ مَسْؤُوْلٌ عَنْ رَعِيَّتِه

১২৭. জেনে রাখো, তোমাদের প্রত্যেকেই দায়িত্বশীল অভিভাবক, এবং প্রত্যেককেই তার অধীনস্থদের সম্পর্কে জিজ্ঞাসা করা হবে (আদাবে মুফরাদ : ১৫১)।

Beware! Every one of you is a shepherd, and every one of you will be questioned about those under his care.

## অন্যায় প্রতিরোধ

مَنْ رَأَى مِنْكُمْ مُنْكَرًا فَلْيُغَيِّرْهُ بِيَدِه، فَإِنْ لَمْ يَسْتَطِعْ فَبِلِسَانِه، فَإِنْ لَمْ يَسْتَطِعْ فَبِقَلْبِه، وَذٰلِكَ أَضْعَفُ الْإِيْمَانِ

১২৮. তোমাদের কেউ কোনো অন্যায় কাজ দেখলে সে যেন তা হাত দিয়ে পরিবর্তন করে। যদি তা সম্ভব না হয়, তাহলে জিহ্বা (কথা) দিয়ে। আর যদি তাও সম্ভব না হয়, তাহলে অন্তর দিয়ে (ঘৃণা করবে), আর এটি হলো ঈমানের সবচেয়ে দুর্বল স্তর (মুসলিম : ৪৯)।

Whoever among you sees an evil, let him change it with his hand; if he is not able to, then with his tongue; and if he is not able to, then with his heart, and that is the weakest level of faith.

## জান্নাত ও জাহান্নামের পথ

حُفَّتِ الجنَّةُ بالمكارِهِ وحُفَّتِ النّارُ بالشَّهواتِ

১২৯. জান্নাতকে কষ্টকর ও অপছন্দনীয় বিষয় দিয়ে ঘিরে রাখা হয়েছে, আর জাহান্নামকে ভোগ-বাসনা ও কামনার বিষয় দিয়ে ঘিরে রাখা হয়েছে (ইবনে হিব্বান : ৭১৮)।

Paradise is surrounded by hardships, and Hellfire is surrounded by desires.

## রাসূলুল্লাহর অভিশাপ

لَعَنَ رَسوْلُ اللّٰهِ ﷺ الْمُتَشَبِّهِيْنَ مِنَ الرِّجَالِ بِالنِّسَاءِ، وَالْمُتَشَبِّهَاتِ مِنَ النِّسَاءِ بِالرِّجَالِ

১৩০. রাসূলুল্লাহ ﷺ সেই পুরুষদের উপর লানত করেছেন যারা নারীদের অনুকরণ করে, এবং সেই নারীদের উপরও লানত করেছেন যারা পুরুষদের অনুকরণ করে (বুখারি : ৫৮৮৫)।

The Messenger of Allah ﷺ cursed men who imitate women and women who imitate men.

## সুদের ভয়াবহতা

لَعَنَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ اٰكِلَ الرِّبَا وَمُوْكِلَهٗ وَشَاهِدَيْهِ وَكَاتِبَهٗ

১৩১. রাসূলুল্লাহ ﷺ সুদখোর, সুদ প্রদানকারী, সুদি লেনদেনে সাক্ষ্য দানকারী ও সুদি লেনদেনের লেখক সবাইকে অভিশাপ দিয়েছেন (তিরমিযী : ১২০৬)।

The Messenger of Allah ﷺ cursed the one who consumes interest (riba), the one who pays it, its two witnesses, and its recorder.

## ভিক্ষাবৃত্তি ঘৃণিত

مَنْ سَأَلَ النَّاسَ أَمْوَالَهُمْ تَكَثُّرًا فَإِنَّمَا يَسْأَلُ جَمْرًا

১৩২. যে সম্পদ বৃদ্ধির লালসায় মানুষের কাছে হাত পাতে সে আসলে জাহান্নামের আগুন যাচ্ঞা করে (মুসলিম : ১০৪১)।

Whoever asks people for their wealth in order to increase his own (without need), he is only asking for burning embers (fire).

## ক্ষমাপরায়ণতা

تَجَافَوْا عَنْ عُقُوْبَةِ ذَوِي الْمُرُوْءَةِ

১৩৩. সম্ভ্রান্ত ও ভদ্র মানুষের ভুলত্রুটি ক্ষমা করো (সহিহ জামে : ২৯১৪)।

Avoid (or overlook) the punishment of people of dignity and noble character.

## উত্তম আমল

أَحَبُّ الْأَعْمَالِ إِلَى اللهِ أَدْوَمُهَا وَإِنْ قَلَّ

১৩৪. আল্লাহর কাছে সবচেয়ে প্রিয় আমল তা-ই যা নিয়মিত করা হয়, যদিও তা অল্প হয় (বুখারি : ৬৪৬৫)।

The most beloved deeds to Allah are those that are consistent, even if they are few.

## মুমিনের সম্পদ

اَلْكَلِمَةُ الْحِكْمَةُ ضَالَّةُ الْمُؤْمِنِ

১৩৫. প্রজ্ঞাপূর্ণ কথা মুমিনের হারানো সম্পদ (তিরমিযী : ২৬৮৭)।

A wise word is the lost property of the believer.

## সৎকর্ম

اَلدَّالُّ عَلَى الْخَيْرِ كَفَاعِلِه

১৩৬. ভালো কাজের পথপ্রদর্শক সেই কাজ সম্পাদনকারীর সমান সওয়াব পাবে (তিরমিযী : ২৬৭০)।

The one who guides (others) to good is like the one who does it.

## দুরুদ

مَنْ صَلّٰى عَلَيَّ صَلَاةً صَلَّى اللهُ عَلَيْهِ عَشْرًا

১৩৭. যে আমার প্রতি একবার দরুদ পাঠ করে, আল্লাহ তার ওপর ১০ বার রহমত নাযিল করেন (মুসলিম : ৪০৮)।

Whoever sends blessings upon me once, Allah will send blessings upon him ten times.

## আল্লাহর যিকির

لَا يَزَالُ لِسَانُكَ رَطْبًا مِنْ ذِكْرِ اللهِ

১৩৮. তোমার জবান যেন সবসময় আল্লাহর যিকিরে সজীব থাকে (তিরমিযী : ৩৩৭৫)।

Keep your tongue constantly moist with the remembrance of Allah.

## লাজুকতা

إِنَّ لِكُلِّ دِيْنٍ خُلُقًا وَخُلُقُ الْإِسْلَامِ الْحَيَاءُ

১৩৯. প্রত্যেক ধর্মের একটি চরিত্র থাকে, ইসলামের চরিত্র হলো লজ্জা (ইবনে মাজাহ : ৩৩৮৯)।

Indeed, every religion has a distinct character, and the character of Islam is modesty (shyness).

إِذَا لَمْ تَسْتَحْيِ فَاصْنَعْ مَا شِئْتَ

১৪০. যখন তোমার লজ্জা থাকবে না, তখন তুমি যা ইচ্ছা তা-ই করতে পারো (বুখারি : ৩৪৮৪)।

If you do not feel shame, then do whatever you wish.

### নিজের উপকার

اِحْرِصْ عَلٰى مَا يَنْفَعُكَ

১৪১. তোমার যাতে উপকার আছে তাতে যত্নবান হও (মুসলিম : ২৬৬৪)।

Be eager for what benefits you.

## আল্লাহর সাহায্য

اِسْتَعِنْ بِاللّٰهِ وَلَا تَعْجِزْ

১৪২. আল্লাহর কাছে সাহায্য চাও এবং অক্ষম হয়ে যেয়ো না (মুসলিম : ২৬৬৪)।

Seek help from Allah and do not give up (do not become helpless).

## ধোঁকার পরিণতি

مَنْ غَشَّنَا فَلَيْسَ مِنَّا

১৪৩. যে আমাদের ধোঁকা দেয়, সে আমাদের দলভুক্ত নয় (মুসলিম : ১০১)।

Whoever deceives us is not one of us.

## প্রকৃত জ্ঞানী

اَلْكَيِّسُ مَنْ دَانَ نَفْسَهٗ وَعَمِلَ لِمَا بَعْدَ الْمَوْتِ

১৪৪. বুদ্ধিমান সে যে নিজের নফসকে নিয়ন্ত্রণে রাখে এবং মৃত্যুর পরের জন্য কাজ করে (তিরমিযী : ২৪৫৯)।

The intelligent (wise) person is the one who controls his soul and works for what comes after death.

## পরোপকার

مَنْ نَفَّسَ عَنْ مُؤْمِنٍ كُرْبَةً نَفَّسَ اللهُ عَنْهُ كُرْبَةً مِنْ كُرَبِ يَوْمِ الْقِيَامَةِ

১৪৫. যেকোনো মুমিনের পার্থিব কষ্ট দূর করবে, আল্লাহ কেয়ামতের দিন তার কষ্ট দূর করবেন (মুসলিম : ২৬৯৯)।

Whoever relieves a believer of a hardship in this world, Allah will relieve him of a hardship among the hardships of the Day of Resurrection.

## দৃষ্টিভঙ্গি

اُنْظُرُوْا إِلٰى مَنْ هُوَ أَسْفَلَ مِنْكُمْ

১৪৬. তোমরা (পার্থিব বিষয়ে) তোমাদের চেয়ে নিচু স্তরের লোকের দিকে তাকাও (যাতে শোকর করতে পারো) [মুসলিম : ২৯৬৩]।

Look at those who are below you (in worldly matters).

## মসজিদ

أَحَبُّ الْبِلَادِ إِلَى اللهِ مَسَاجِدُهَا

১৪৭. আল্লাহর কাছে সর্বোত্তম স্থান হলো মসজিদ (মুসলিম : ৬৭১)।

The most beloved places to Allah are its mosques.

مَنْ بَنَى لِلّٰهِ مَسْجِدًا بَنَى اللّٰهُ لَهٗ بَيْتًا فِي الْجَنَّةِ

১৪৮. যে আল্লাহর জন্য মসজিদ নির্মাণ করবে, আল্লাহ তার জন্য জান্নাতে একটি ঘর নির্মাণ করবেন (বুখারি : ৪৫০)।

Whoever builds a mosque for Allah, Allah will build for him a house in Paradise.

## নেশা করা হারাম

كُلُّ مُسْكِرٍ حَرَامٌ

১৪৯. সকল নেশাজাতীয় দ্রব্যই হারাম (মুসলিম : ২০০৩)।

Every intoxicant is forbidden (haram).

كُلُّ مُسكِرٍ خَمْرٌ

১৫০. সব নেশাজাতীয় বস্তুই খমর (মদের অন্তর্ভুক্ত (মুসলিম : ২০০৩)।

Every intoxicant is khamr.

## রোযা

اَلصِّيَامُ جُنَّةٌ

১৫১. রোযা হলো (জাহান্নাম থেকে বাঁচার) ঢালস্বরূপ (বুখারি : ১৮৯৪)।

Fasting is a shield (protection).

## দুনিয়ার স্বরূপ

اَلدُّنْيَا سِجْنُ الْمُؤْمِنِ وَجَنَّةُ الْكَافِرِ

১৫২. দুনিয়া মুমিনের জন্য জেলখানা এবং কাফেরের জন্য জান্নাত (মুসলিম : ২৯৫৬)।

This world is a prison for the believer and a paradise for the disbeliever.

## কেয়ামত

لَا تَقُوْمُ السَّاعَةُ عَلٰى أَحَدٍ يَقُوْلُ: اللهُ اللهُ

১৫৩. পৃথিবীতে যখন একজনও ‘আল্লাহ আল্লাহ’ বলার মতো থাকবে না, তখন কেয়ামত হবে (মুসলিম : ১৪৮)।

The Hour (Day of Judgment) will not come upon anyone who says: ‘Allah, Allah.

## আল্লাহ উত্তম

إِنَّ اللّٰهَ طَيِّبٌ يُحِبُّ الطَّيِّبَ

১৫৪. নিশ্চয়ই আল্লাহ পবিত্র, তিনি পবিত্রতাকে ভালোবাসেন (মুসলিম : ১০১৫)।

Indeed Allah is Pure (Good), and He loves that which is pure (good).

## বদনজর

اَلْعَيْنُ حَقٌّ

১৫৫. নজর লাগা বা কুনজর সত্য (বুখারি : ৫৭৪০)।

The evil eye is real.

## নারীর অধিকার

اِسْتَوْصُوْا بِالنِّسَاءِ خَيْرًا

১৫৬. নারীদের সাথে কোমল আচরণ করবে (মুসলিম : ১৪৬৮)।

Treat women kindly.

## ঈমানি মৃত্যু

مَنْ مَاتَ وَهُوَ يَعْلَمُ أَنَّهُ لَا إِلٰهَ إِلَّا اللّٰهُ دَخَلَ الْجَنَّةَ

১৫৭. যে ব্যক্তি আল্লাহ ছাড়া কোনো মাবুদ নেই জেনে মারা গেল, সে জান্নাতে যাবে (মুসলিম : ২৬)।

Whoever dies knowing that there is no god but Allah will enter Paradise.

## আল্লাহর সৌন্দর্য

إِنَّ اللّٰهَ جَمِيْلٌ يُحِبُّ الْجَمَالَ

১৫৮. নিশ্চয়ই আল্লাহ সুন্দর, তিনি সৌন্দর্য পছন্দ করেন (মুসলিম : ৯১)।

Indeed, Allah is Beautiful and He loves beauty.

## ভালো কথা

مَنْ كَانَ يُؤْمِنُ بِاللّٰهِ وَالْيَوْمِ الْاٰخِرِ فَلْيَقُلْ خَيْرًا أَوْ لِيَصْمُتْ

১৫৯. যে আল্লাহ ও কেয়ামতে বিশ্বাস করে, সে যেন ভালো কথা বলে অথবা চুপ থাকে (বুখারি : ৬১৩৮)।

Whoever believes in Allah and the Last Day should speak good or remain silent.

## মন্দ লোক

بِحَسْبِ امْرِئٍ مِنَ الشَّرِّ أَنْ يَحْقِرَ أَخَاهُ الْمُسْلِمَ

১৬০. কোনো মুসলিম ভাইকে তুচ্ছ ভাবা একটি মানুষের মন্দ হওয়ার জন্য যথেষ্ট (মুসলিম : ২৫৬৩)।

It is enough evil for a person to belittle his fellow Muslim.

## ইখলাস-নিষ্ঠা

إِنَّ اللهَ لَا يَنْظُرُ إِلَى صُوَرِكُمْ وَأَمْوَالِكُمْ، وَلٰكِنْ يَنْظُرُ إِلَى قُلُوْبِكُمْ وَأَعْمَالِكُمْ

১৬১. নিশ্চয় আল্লাহ্ তাআলা তোমাদের দেহ ও আকার-আকৃতি দেখেন না; বরং তিনি তোমাদের অন্তর ও আমল দেখেন (মুসলিম : ২৫৬৪)।

Indeed, Allah does not look at your appearance or your wealth, but He looks at your hearts and your deeds.

## কুফরি

سِبَابُ الْمُسْلِمِ فُسُوْقٌ وَقِتَالُهُ كُفْرٌ

১৬২. মুসলিমকে গালি দেওয়া পাপ, তার বিরুদ্ধে লড়াই করা কুফর (বুখারি : ৪৮)।

Insulting a Muslim is sinful (fusuq), and fighting him is disbelief (kufr).

## আল্লাহর আনুগত্য

لَا طَاعَةَ لِمَخْلُوقٍ فِيْ مَعْصِيَةِ الْخَالِقِ

১৬৩. স্রষ্টার অবাধ্যতা করে সৃষ্টির আনুগত্য করা উচিত নয় (তাবারানি : ১৬৫)।

There is no obedience to a created being in disobedience to the Creator.

## স্নেহ ও শ্রদ্ধা

لَيْسَ مِنَّا مَنْ لَمْ يَرْحَمْ صَغِيْرَنَا وَيَعْرِفْ شَرَفَ كَبِيْرِنَا

১৬৪. যে ব্যক্তি ছোটদের প্রতি সদয় আচরণ করে না, বড়দের প্রতি সম্মান দেখায় না, সে আমাদের দলভুক্ত নয় (আবু দাউদ : ৪৯৪৩)।

He is not one of us who does not show mercy to our young ones and does not recognize the honor of our elders.

## বিনয়

مَنْ تَوَاضَعَ لِلّٰهِ رَفَعَهُ اللّٰهُ

১৬৫. যে ব্যক্তি আল্লাহর জন্য বিনয় অবলম্বন করে, আল্লাহ্ তাকে সম্মানিত করেন (সহিহ জামে : ৬১৬২)।

Whoever humbles himself for Allah’s sake, Allah will raise him in status.

## অন্যের অনুকরণ

مَنْ تَشَبَّهَ بِقَوْمٍ فَهُوَ مِنْهُمْ

১৬৬. যে ব্যক্তি অন্য জাতির সাদৃশ্য অবলম্বন করবে, সে তাদের দলভুক্ত বলে বিবেচিত হবে (আবু দাউদ : ৪০৩১)।

Whoever imitates a people is one of them.

## আমানত

أَدِّ الْأَمَانَةَ إِلٰى مَنِ ائْتَمَنَكَ وَلَا تَخُنْ مَنْ خَانَكَ

১৬৭. যে ব্যক্তি তোমার কাছে আমানত রেখেছে, তার আমানত যথাযথভাবে আদায় করে দাও এবং যে তোমার খেয়ানত করেছে, তুমি তার খেয়ানত করো না (তিরমিযী : ১২৬৪)।

Fulfill the trust for the one who entrusted you, and do not betray the one who betrays you.

## প্রবেশের অনুমতি

إِذَا اسْتَأْذَنَ أَحَدُكُمْ ثَلَاثًا فَلَمْ يُؤْذَنْ لَهُ فَلْيَرْجِعْ

১৬৮. তিনবার অনুমতি চাওয়ার পরও সাড়া না পেলে, ঘরে প্রবেশ না করে ফিরে যাবে (বুখারি : ৬২৪৫)।

If one of you seeks permission three times and is not granted permission, then let him return.

## কালিমা তাইয়েবা

مَنْ قَالَ لَا إِلٰهَ إِلَّا اللّٰهُ دَخَلَ الْجَنَّةَ

১৬৯. যে ব্যক্তি ‘লা ইলাহা ইল্লাল্লাহ’ বলবে, সে জান্নাতে প্রবেশ করবে (বুখারি : ২০)।

Whoever says: ‘There is no god but Allah,’ will enter Paradise.

## আল্লাহর সঙ্গ

إِنَّ اللّٰهَ يَقُوْلُ: أَنَا عِنْدَ ظَنِّ عَبْدِيْ بِيْ وَأَنَا مَعَهُ إِذَا دَعَانِيْ

১৭০. আল্লাহ বলেন, আমার ব্যাপারে বান্দার ধারণা

অনুযায়ী আচরণ করে থাকি। বান্দা যখন আমাকে ডাকে, আমি তার ডাকে সাড়া দিই (মুসলিম : ২৬৭৫)।

Allah says: "I am as My servant thinks of Me, and I am with him when he calls upon Me.

## নেক কাজ

إِنَّ شَجَرَةً كَانَتْ تُؤْذِي الْمُسْلِمِيْنَ، فَجَاءَ رَجُلٌ فَقَطَعَهَا، فَدَخَلَ الْجَنَّةَ

১৭১. রাস্তার পাশে একটি গাছ পথচারী মুসলিমদের কষ্ট দিচ্ছিল, এক ব্যক্তি এসে গাছটি কেটে ফেলল। তার বিনিময়ে মানুষটা জান্নাতে প্রবেশ করেছে (মুসলিম : ১৯১৪)।

There was a tree that used to harm the Muslims, so a man came and cut it down, and he entered Paradise.

## আল্লাহর আযাব

إِنَّ اللهَ يُعَذِّبُ الَّذِيْنَ يُعَذِّبُوْنَ النَّاسَ فِي الدُّنْيَا

১৭২. যারা দুনিয়াতে মানুষকে কষ্ট দেয়, আল্লাহ তাদেরকে শাস্তি দেন (মুসলিম : ২৬১৩)।

Indeed, Allah will punish those who torture/torment people in this world.

## মীমাংসা

لَيْسَ الْكَذَّابُ الَّذِي يُصْلِحُ بَيْنَ النَّاسِ، فَيَنْمِي خَيْرًا أَوْ يَقُولُ خَيْرًا

১৭৩. ওই ব্যক্তি মিথ্যুক নয়, যে মিথ্যা বলে হলেও লোকদের মধ্যে মীমাংসা করে, উভয় পক্ষকে ভালো কথা বলে, একের পক্ষ থেকে অপরকে ভালো কথা পৌঁছায় (বুখারি : ২৬৯২)।

A liar is not the one who seeks to reconcile between people by conveying good or saying good (words).

## জুলুম

اَلظُّلْمُ ظُلُمَاتٌ يَوْمَ الْقِيَامَةِ

১৭৪. জুলুম কেয়ামতের দিন অন্ধকার হয়ে দেখা দিবে (বুখারি : ২৪৪৭)।

Oppression is darknesses on the Day of Resurrection.

## অভিশাপ

إِنِّي لَمْ أُبْعَثْ لَعَّانًا، وَإِنَّمَا بُعِثْتُ رَحْمَةً

১৭৫. আমি অভিশাপ দানকারী হিসেবে প্রেরিত হইনি, আমি রহমতস্বরূপ প্রেরিত হয়েছি (মুসলিম : ২৫৯৯)।

I was not sent as one who curses, rather I was sent as a mercy.

## পরোপকার

مَنِ اسْتَطَاعَ مِنْكُمْ أَنْ يَنْفَعَ أَخَاهُ فَلْيَفْعَلْ

১৭৬. যার পক্ষে তার ভাইয়ের উপকার করা সম্ভব, সে যেন তা করে। (মুসলিম : ২১৯৯)

Whoever among you is able to benefit his brother, let him do so.

## ইখলাস

أَخْلِصْ دِيْنَكَ يَكْفِكَ الْقَلِيْلُ مِنَ الْعَمَلِ

১৭৭. তোমার ঈমানকে (দীনকে) খাঁটি করো, তবে অল্প আমলই তোমার নাজাতের জন্য যথেষ্ট হবে। (মুস্তাদরাকে হাকেম : ৭৮৫১)

Make your religion sincere (for Allah), and a little deed will suffice you.

## সলাতের হিসাব

أَوَّلُ مَا يُحَاسَبُ بِهِ الْعَبْدُ يَوْمَ الْقِيَامَةِ الصَّلَاةُ

১৭৮. কেয়ামতের দিন বান্দার কাছ থেকে সর্বপ্রথম নামাযের হিসাব নেওয়া হবেG (আবু দাউদ : ৮৬৪)

The first thing for which a servant will be held accountable on the Day of Resurrection is the prayer.

## আলেমের মর্যাদা

فَضْلُ الْعَالِمِ عَلَى الْعَابِدِ كَفَضْلِي عَلَى أَدْنَاكُمْ

১৭৯. সাধারণ আবেদ ( বে-ইলম ইবাদতকারী)-এর ওপর একজন আলেমের মর্যাদা ঠিক তেমন, যেমন তোমাদের মধ্যে সবচেয়ে সাধারণ বা ছোট ব্যক্তির ওপর আমার মর্যাদা। (তিরমিযী : ২৬৮৫)

The superiority of a scholar over a worshipper is like my superiority over the least of you.

## মিথ্যাচার

كَفَى بِالْمَرْءِ كَذِبًا أَنْ يُحَدِّثَ بِكُلِّ مَا سَمِعَ

১৮০. কোনো ব্যক্তির মিথ্যাবাদী হওয়ার জন্য এতটুকুই যথেষ্ট যে, সে যা শোনে (যাচাই না করে) তাই বলে বেড়ায়। (মুসলিম : ৫)

It is enough of a lie for a person that he narrates everything he hears.

## বিদআত

كُلُّ بِدْعَةٍ ضَلَالَةٌ

১৮১. প্রত্যেক বিদআত (দীনের মধ্যে নতুন উদ্ভাবন) হলো পথভ্রষ্টতা (মুসলিম : ৮৬৭)।

Every innovation (in religion) is misguidance.

## জান্নাত ও জাহান্নাম

مَنْ لَقِيَ اللهَ لَا يُشْرِكُ بِهِ شَيْئًا دَخَلَ الْجَنَّةَ، وَمَن لَقِيَه يُشرِكُ به دَخَلَ النّارَ

যে ব্যক্তি শিরকমুক্ত অবস্থায় আল্লাহর সাথে সাক্ষাত করবে, সোজা জান্নাতে প্রবেশ করবে। যে ব্যক্তি শিরক করা অবস্থায় আল্লাহর সাথে সাক্ষাত করবে, সে সোজা জাহান্নামে যাবে (মুসলিম: ৯৩)

Whoever meets Allah without associating anything with Him will enter Paradise, and whoever meets Him while associating partners with Him will enter the Fire.

## মুমিনের প্রাপ্তি

لَا تُصِيبُ الْمُؤْمِنَ شَوْكَةٌ فَمَا فَوْقَهَا إِلَّا قَصَّ اللهُ بِهَا مِنْ خَطِيئَتِهِ

কোন ঈমানদার ব্যক্তির শরীরে একটি কাঁটা বিদ্ধ হলে কিংবা তার চাইতে বড় কোন মুসীবত আপতিত হলে তার বদলে আল্লাহ তায়ালা তার একটি গোনাহ মাফ করে দেন (মুসলিম: ২৫৭২)

No hardship befalls a believer—even a thorn's prick or anything greater—except that Allah removes some of his sins because of it.

**আলহামদুলিল্লাহ**

**সাল্লাল্লাহু আলাইহি ওয়া আলিহি ওয়াসাল্লাম**

**রাদিয়াল্লাহু আনহুম ওয়া রাদু আনহু**